

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৭
জিরানীয়া, ২১ জুন, ২০২৪

বোটি বাঁচাও বোটি পড়াও প্রকল্প
বেলবাড়ি ব্লকে কর্মশালা

‘বোটি বাঁচাও বোটি পড়াও’ প্রকল্পে সম্প্রতি জিরানীয়া মহকুমার বেলবাড়ি ব্লকের গোবিন্দ কমিউনিটি হলে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিধায়ক বিশ্বজিৎ কলই বলেন কন্যা সন্তানদের প্রতি অভিভাবকদের আরও যত্নবান হওয়া উচিত। নারী নির্যাতন ও বাল্য বিবাহ রোধে আরও সচেতনতা বৃদ্ধি করতে হবে। এই সব সামাজিক ব্যাধির বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য বিধায়ক শ্রী কলই সকলের প্রতি আহ্বান জানান। কর্মশালায় ২৫ জন শিশু কন্যার হাতে পুষ্টিকর খাদ্যের কিট তুলে দেওয়া হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন এমডিসি গণেশ দেববর্মা, বেলবাড়ি বিএসি’র চেয়ারম্যান রোকেন দেববর্মা, বেলবাড়ি ব্লকের বিডিও কমল দেববর্মা প্রমুখ। জিরানীয়া সিডিপিও কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
